



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd



নং বামাশিবো/রিক/দাখিল তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/অনুমতি/ভাভারিয়া-পিরোজপুর-১৬২/ ৪২/১

তারিখ: ২৫ / ৪ / ২০১৮

অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ২৮/০৪/২০১৬ তারিখের নং ৩৭.০০.০০০০.০৭২.০৬.০০৩২.১২.৯৮৬ সংখ্যক স্মারকপত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে সংশ্লিষ্ট শিক্ষকের বেতন ভাতাদি প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে এবং এমপিও দাবী করা হবে না মর্মে মাদ্রাসা কর্তৃপক্ষ অঙ্গীকারনামা জমা দেওয়ায় পিরোজপুর জেলার ভাভারিয়া উপজেলাধীন দারুলহুদা ডাকঘরের অন্তর্গত ইসলামিয়া দাখিল বালিকা মাদ্রাসায় দাখিল ৯ম শ্রেণিতে 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি' বিষয় খোলার একাডেমিক অনুমতি নিম্নবর্ণিত শর্তে ০১/০১/২০১৮ তারিখ হতে দেওয়া হলো। মাদ্রাসার কোড নং 11541, EIIN: 102677.

পালনীয় শর্তাবলী:

১. সকল শ্রেণি ও সকল বিভাগের চূড়ান্ত পরীক্ষার ফলাফল গুণগত ও সংখ্যাগত দিক দিয়ে সন্তোষজনক হতে হবে।
২. জনবল কাঠামোর নীতিমালা ও শিক্ষক নিবন্ধন আইন অনুযায়ী শিক্ষক ও কর্মচারী নিয়োগ করতে হবে/ থাকতে হবে।
৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের শিক্ষকের সরকার অনুমোদিত প্রশিক্ষণ কেন্দ্র হতে প্রশিক্ষণ গ্রহণের সনদ থাকতে হবে।
৪. প্রশিক্ষণের সুবিধার্থে কম্পিউটারের সংখ্যা বৃদ্ধি করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মো: আবুল বাসার)

মাদ্রাসা পরিদর্শক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

✓
অধ্যক্ষ/ সুপারিনটেনডেন্ট

ইসলামিয়া দাখিল বালিকা মাদ্রাসা

ডাকঘর- দারুলহুদা, উপজেলা- ভাভারিয়া, জেলা- পিরোজপুর।

নং বামাশিবো/রিক/দাখিল তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/অনুমতি/ভাভারিয়া-পিরোজপুর-১৬২/ ৪২/১

তারিখ: ২৫ / ৪ / ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. মহা-পরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, রমনা, ঢাকা।
২. পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, পলাশি-নীলক্ষেত, ঢাকা।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. জেলা প্রশাসক, পিরোজপুর।
৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল।
৭. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
৮. উপজেলা নির্বাহী অফিসার, ভাভারিয়া, পিরোজপুর।
৯. সংরক্ষণ কপি।

(মো: হোসেন)

উপ-পরিদর্শক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।